# জগন্নাথগঞ্জ পুরাতন ঘাট ব্যবসায়ী বহুমূখী সমবায় সমিতি লিঃ
## নিবন্ধন নং ৬৩ তারিখঃ ০২/০৫/২০০১ খ্রি.
## জগন্নাথগঞ্জ ঘাট , সরিষাবাড়ী , জামালপুর

এতদ্বারা জগন্নাথগঞ্জ পুরাতন ঘাট ব্যবসায়ী বহুমূখী সমবায় সমিতি লিঃ এর সকল সদস্য ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জগন্নাথগঞ্জ পুরাতন ঘাট ব্যবসায়ী বহুমূখী সমবায় সমিতি লিঃ এর ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ২০/০৬/২০২৬ ইং তারিখ রোজ শনিবার সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ঘটিকা পর্যন্ত জগন্নাথগঞ্জ পুরাতন ঘাট ব্যবসায়ী বহুমূখী সমবায় সমিতি লিঃ এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচন/২০২৬ ইং সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উল্লেখিত নির্বাচনে ব্যবস্থাপনা কমিটির ০৬ জন সদস্যের মধ্যে ০১ জন সভাপতি, ০১ জন সহ-সভাপতি, ০১ জন সম্পাদক, ০১ জন কোষাধ্যক্ষ ও সদস্য পদে ০২ জন সমিতির সদস্যদের সরাসরি ভোটে নির্বাচিত হবেন ।

আগামী ২০/০৬/২০২৬ ইং তারিখে জগন্নাথগঞ্জ পুরাতন ঘাট ব্যবসায়ী বহুমূখী সমবায় সমিতি লিঃ এর ব্যবস্থাপনা কমিটি নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিটির ১৩/০৫/২০২৬ ইং তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক সমবায় সমিতি বিধিমালা/২০০৪ ও সংশোধন ২০২০ এর ২৭ বিধি অনুযায়ী জগন্নাথগঞ্জ পুরাতন ঘাট ব্যবসায়ী বহুমূখী সমবায় সমিতি লিঃ এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচন/২০২৬ এর নিম্নরূপ তফসিল ঘোষণা করা হলোঃ

### নির্বাচনী তফসীল

| ক্রঃ নং | কর্মসূচী | স্থান | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ০১ | মনোনয়ণ পত্র বিক্রয়/ বিতরণ | সমিতির কার্যালয় | ২০/০৫/২০২৬ খ্রি. ও ২১/০৫/২০২৬ খি. | সকাল ১১টা হতে বিকাল ০৩ টা পর্যন্ত |
| ০২ | মনোনয়ণ পত্র দাখিল/গ্রহন | সমিতির কার্যালয় | ০১/০৬/ ২০২৬ খ্রি. | সকাল ১১টা হতে বিকাল ০২টা পর্যন্ত |
| ০৩ | মনোনয়ণ পত্র বাছাই | সমিতির কার্যালয় | ০২/০৬/২০২৬ খ্রি. | সকাল ১১টা হতে |
| ০৪ | বৈধ মনোনয়ন পত্র ও বাতিলকৃত মনোনয়ন পত্রের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | জগন্নাথগঞ্জ পুরাতন ঘাট ব্যবসায়ী বহুমূখী সমবায় সমিতি লিঃ এর নোটিশ বোর্ড। | ০২/০৬/২০২৬ খ্রি. | বাছাই সমাপ্তির পর |
| ০৫ | প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভুক্তি কিংবা বাছাইতে বাদ পড়া কোন প্রার্থীর মনোনয়ন পত্র বিষয়ে আপীল আবেদন দাখিল (সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ২৯ বিধি মতে) | জেলা সমবায় কর্মকর্তা, জামালপুর, মহোদয়ের কার্যালয়। | ০৩/০৬/২০২৬ খ্রি. ও ০৪/০৬/২০২৬ খ্রি. | অফিস চলাকালীন সময়ে |
| ০৬ | আপীল আবেদনের উপর শুনানী ও সিদ্ধান্ত প্রদান (সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ২৯(২) বিধি মতে) | জলা সমবায় কর্মকর্তা, জামালপুর, মহোদয়ের কার্যালয়। | ০৭/০৬/২০২৬ খ্রি. হতে ০৯/০৬/২০২৬ খ্রি. | আপীল কতৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ে |
| ০৭ | বৈধ ও বাতিলকৃত প্রার্থীর চুড়ান্ত তালিকা প্রকাশ | জগন্নাথগঞ্জ পুরাতন ঘাট ব্যবসায়ী বহুমূখী সমবায় সমিতি লিঃ এর নোটিশ বোর্ড। | ১০/০৬/২০২৬ খ্রি. | সকাল ১১টা |
| ০৮ | প্রার্থীতা প্রত্যাহার | জগন্নাথগঞ্জ পুরাতন ঘাট ব্যবসায়ী বহুমূখী সমবায় সমিতি লিঃ -এর নির্বাচন কমিটির নিকট। | ১১/০৬/২০২৬ খ্রি. | সকাল ১০টা হতে বেলা ০১ টা পর্যন্ত |
| ০৯ | চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ | জগন্নাথগঞ্জ পুরাতন ঘাট ব্যবসায়ী বহুমূখী সমবায় সমিতি লিঃ এর নোটিশ বোর্ড। | ১১/০৬/২০২৬ খ্রি. | বেলা ১.৩০ টা |
| ১০ | প্রতিদ্বন্দ্বি বৈধ প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্ধ ও তালিকা প্রকাশ | জগন্নাথগঞ্জ পুরাতন ঘাট ব্যবসায়ী বহুমূখী সমবায় সমিতি লিঃ এর নোটিশ বোর্ড। | ১১/০৬/২০২৬ খ্রি. | বিকাল ০২.০০টা |

চলমান পাতা

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | ভোট গ্রহন | জগন্নাথগঞ্জ পুরাতন ঘাট ব্যবসায়ী বহুমূখী সমবায় সমিতি লিঃ এর কার্যালয় | ২০/০৬/২০২৬ খ্রি. | সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ঘটিকা পর্যন্ত। |
| ১২ | ভোট গণণা ও নির্বাচনী ফলাফল ঘোষনা | জগন্নাথগঞ্জ পুরাতন ঘাট ব্যবসায়ী বহুমূখী সমবায় সমিতি লিঃ এর কার্যালয় | ২০/০৬/২০২৬ খ্রি. | ভোট গ্রহণ সমাপ্তির পর। |

বিভিন্ন পদের জন্য নির্বাচনী কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীক সমূহ ঃ-

ক) সভাপতি পদে ঃ= চেয়ার, ছাতা, হারিকেন, খেজুর গাছ।
খ) সহ-সভাপতি পদে ঃ= বাই সাইকেল, দেয়াল ঘড়ি, দোয়াত কলম।
গ) সম্পাদক পদে ঃ= টিউবওয়েল, আপেল, ফুটবল, বটগাছ।
ঘ) কোষাধ্যক্ষ ঃ= হরিণ, টিয়া পাখি, ময়ুর
ঙ) সদস্য পদে ঃ= হাঁস, মোরগ, গোলাপ ফুল, আনারস, প্রজাপতি, হাতি

## নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিষয় সমূহ ঃ

০১) মনোনয়ন পত্র নির্ধারিত তারিখে ও স্থানে দায়িত্ব প্রাপ্ত কর্মরতার নিকট হতে ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত ফি জমা দিয়ে সংগ্রহ করতে হবে। মনোনয়ন পত্র ক্রয়ের রশিদ মনোনয়ন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। তফসিলে নির্ধারিত সময়ে নির্ধারিত স্থানে নির্বাচন কমিটি/২০২৬ জগন্নাথগঞ্জ পুরাতন ঘাট ব্যবসায়ী বহুমূখী সমবায় সমিতি লিঃ -এর নিকট দাখিল করতে হবে।

০২) ব্যবস্থাপনা কমিটির কোন পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সংশিষ্ট প্রার্থীকে সমবায় সমিতি আইন/০১ এর ১৯ ধারা ও সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ২৪ বিধি অনুযায়ী যোগ্য হতে হবে।

০৩) মনোনয়ন পত্র নির্ভূলভাবে পুরণ করে তফসিল মোতাবেক নির্ধারিত সময় সীমার মধ্যে সরাসরি প্রার্থী নিজে কিংবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে নির্বাচন কমিটির নিকট দাখিল করতে হবে। মনোনয়ন পত্রে প্রার্থীর স্বাক্ষর , মনোনয়ন পত্রের সংশ্লিষ্ট স্থানে সমিতির সভাপতি/ নির্বাহী কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে সত্যায়িত, জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং সীল মোহর থাকতে হবে। সমবায় সমিতি বিধিমালা/০৪ইং এর ২৮ বিধি মতে মনোনয়ন পত্র অসম্পুর্ণ, কাটাকাটি কিংবা ঘষামাজা থাকলে এবং মিথ্যা কিংবা প্রতারণা পুর্ণ তথ্য পরিবেশন করা হলে মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে। নির্ধারিত সময়ের পর দাখিলকৃত কিংবা ডাকযোগে বা অন্য কোন পদ্ধতিতে প্রাপ্ত মনোনয়ন পত্র গ্রহনযোগ্য হবে না ।

০৪) মনোনয়ন পত্রের সাথে ক) প্রার্থী ব্যাক্তিগতভাবে কোন আর্থিক প্রতিষ্ঠানের ঋণ খেলাপী নয় মর্মে অঙ্গীকার নামা, খ) পাসপোর্ট সাইজের ছবি যথাযথভাবে সংযুক্ত করতে হবে এবং মনোনয়ন পত্রে চাহিত প্রতিকের নাম উল্লেখ করে দাখিল করতে হবে।

০৫) ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে ভোট প্রদানের জন্য সংশ্লিষ্ট ভোটারকে সমবায় সমিতি আইন /০১ এর ৩৭ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ৮৭ ও ৮৮ বিধি মোতাবেক যোগ্য হতে হবে।

০৬) প্রার্থীর দাখিলকৃত মনোনয়ন পত্রের সংগে দেয়া তথ্যাদির সঠিকতা যাচাইয়ের জন্য নির্বাচন কমিটি যে কোন উপযুক্ত পদ্ধতি অবলম্বন করতে পারবে।

০৭) নির্বাচন সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটির সাথে যোগাযোগ করা যেতে পারে ।

(মোঃ আসলাম কবীর)
সদস্য, নির্বাচন কমিটি/২০২৬
ও
পরিদর্শক
জেলা সমবায় কার্যালয়
জামালপুর

(মোঃ শামীম আহমেদ)
সদস্য, নির্বাচন কমিটি/২০২৬
ও
পরিদর্শক
জেলা সমবায় কার্যালয়
জামালপুর

(মোঃ হাবিবুল্লাহ)
সভাপতি, নির্বাচন কমিটি/২০২৬
ও
উপজেলা সমবায় অফিসার
সরিষাবাড়ী, জামালপুর

স্মারক নং -নির্বাচন/

তারিখঃ-১৩/০৫/২০২৬ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১) সভাপতি, ব্যবস্থাপনা কমিটি, জগন্নাথগঞ্জ পুরাতন ঘাট ব্যবসায়ী বহুমূখী সমবায় সমিতি লিঃ, সরিষাবাড়ী, জামালপুর । তাঁকে উপরোক্ত তফসিল খানা বহুল প্রচারের ব্যবস্থা করতে অনুরোধ করা হলো।
২) উপজেলা সমবায় অফিসার, সরিষাবাড়ী, জামালপুর ।
৩) জেলা সমবায় কর্মকর্তা, জামালপুর।
৪) উপজেলা নির্বাহী কর্মকর্তা, সরিষাবাড়ী, জামালপুর।

সভাপতি
নির্বাচন কমিটি/২৬ইং
জগন্নাথগঞ্জ পুরাতন ঘাট ব্যবসায়ী বহুমূখী সমবায় সমিতি লিঃ,
সরিষাবাড়ী, জামালপুর